



টর্চলাইট জ্বালিয়ে সংঘর্ষ, এমপিসহ আহত অর্ধশতাধিক



সংগৃহীত ছবি

সুনামগঞ্জের ছাতকে জমি বিরোধকে কেন্দ্র করে দুই পক্ষের সংঘর্ষে সুনামগঞ্জ-১ আসনের সংসদ সদস্যসহ অন্তত অর্ধশতাধিক মানুষ আহত হয়েছেন। শুক্রবার (৮ মে) রাতে সুনামগঞ্জ-সিলেট মহাসড়কের জাউয়াবাজার এলাকায় এ ঘটনা ঘটে।

প্রায় আড়াই ঘণ্টা ধরে চলা এ সংঘর্ষে দুই গ্রামের মানুষ দেশীয় অস্ত্র নিয়ে অংশ নেয়। রাতের অন্ধকারে টর্চলাইট জ্বালিয়ে উভয়পক্ষ একে অপরের ওপর হামলা চালায়। এতে পুরো এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে এবং মহাসড়কের দুই পাশে শত শত যানবাহন আটকে যায়।

স্থানীয় সূত্রে জানা যায়, জাউয়াবাজার সংলগ্ন এলাকায় জমি বিক্রি ও রেজিস্ট্রি সংক্রান্ত জটিলতা থেকেই এই বিরোধের সূত্রপাত। বিষয়টি নিয়ে আগে থেকেই উত্তেজনা চলছিল, যা শেষ পর্যন্ত সংঘর্ষে রূপ নেয়। পরপর দুই দিন ধাওয়া-পালটাধাওয়ার পর শুক্রবার রাতে তা বড় আকার ধারণ করে।

সংঘর্ষের সময় ঘটনাস্থল দিয়ে যাওয়ার পথে সংসদ সদস্য কামরুজ্জামান কামরুল আটকে পড়েন এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে এগিয়ে গেলে ইট-পাটকেলের আঘাতে আহত হন। পরে তাকে কৈতক হাসপাতালে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। যৌথ বাহিনীর হস্তক্ষেপে আড়াই ঘণ্টা পর পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।